

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি সংস্কার বোর্ড  
বাজেট শাখা-০৪  
ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দীন আহমদ সরণি  
তেজগাঁও, ঢাকা-১২০৮  
www.lrb.gov.bd

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ  
০৩ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০০০.০১৪.২৬.০০০২.২১.১৯৭

**বিষয়: সহকারী কমিশনার (ভূমি), অভয়নগর, যশোর এর অনুকূলে সরবরাহকৃত ডাবল কেবিন পিকআপ গাড়ির যন্ত্রাংশ  
পরিবর্তন/মেরামত ব্যয় বাবদ বরাদ্দ প্রদান।**

সূত্র: ১। জেলা প্রশাসকের কার্যালয়, যশোর এর স্মারক নং- ০৫.৪৪.৪১০০.০০৫.১৩.০১৪.২৫-৬৩৭ তারিখ: ০৯-০৪-২০২৫ খ্রি।

২। উপজেলা ভূমি অফিস, অভয়নগর, যশোর এর স্মারক নং-৩১.৪০.৪১০৪.০০০.২৬.০৪৯.২৫-৩৪৪, তারিখ: ১৮-০৩-২০২৫ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে সহকারী কমিশনার (ভূমি), অভয়নগর, যশোর এর অনুকূলে সরবরাহকৃত ডাবল কেবিন পিকআপ গাড়ি নং ঠ-১১-০০৪৩) গাড়ির যন্ত্রাংশ (বেল জয়েন্ট, টাইরোডেন্ট, র্‌য়াকেন, রিলিজ বিয়ারিং, পাইলট বিয়ারিং, ক্লাচ প্লেট, প্রেসার প্লেট ও লিংক রড) পরিবর্তন/মেরামতের জন্য ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে।

উল্লেখ্য, চলতি ২০২৪-২৫ অর্থবছরে গাড়িটির বাৎসরিক রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ উক্ত উপজেলার অনুকূলে “৩২৫৮১০১- মোটরযান” কোডে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। গাড়িটি ০৯-০৮-২০১৮ তারিখে ভূমি মন্ত্রণালয় হতে সরবরাহ করা হয়েছে। আইবাস রিপোর্ট পর্যালোচনায় দেখা যায় যে, গত ২০২১-২২ অর্থবছরে উক্ত উপজেলার মোটরযান কোডে সর্বমোট ১,৫৫,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে এবং অবশিষ্ট অর্থবছরসমূহে বাৎসরিক রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ বরাদ্দ প্রদান করা হয়েছে।

বর্ণিতাবস্থায়, জেলা প্রশাসকের কার্যালয় হতে প্রাপ্ত প্রস্তাব মোতাবেক সহকারী কমিশনার (ভূমি), অভয়নগর, যশোর এর অনুকূলে সরবরাহকৃত ডাবল কেবিন পিকআপ গাড়ির যন্ত্রাংশ পরিবর্তন/মেরামত বাবদ বর্তমানে চাহিত ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা এবং চলতি অর্থবছরে বাৎসরিক রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ ইতিপূর্বে বরাদ্দকৃত ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, সর্বমোট ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বরাদ্দের প্রশাসনিক অনুমোদন প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ফর্দ ২২।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) ফর্দ ২২

০৩-০৬-২০২৫  
সাবরিনা সুলতানা  
সহকারী ভূমি সংস্কার কমিশনার  
০২৪১০১০৪৫৫  
alrc4@lrb.gov.bd

সিনিয়র সচিব

ভূমি মন্ত্রণালয়।

**দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

সিনিয়র সহকারী সচিব, মাঠ প্রশাসন-২, ভূমি মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০০০.০১৪.২৬.০০০২.২১.১৯৭/১ (৬)

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ  
০৩ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। উপ-ভূমি সংস্কার কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ৩। চেয়ারম্যান এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, অভয়নগর, যশোর।
- ৫। সহকারী কমিশনার (ভূমি), অভয়নগর, যশোর।
- ৬। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, ভূমি সংস্কার বোর্ড।



০৩-০৬-২০২৫

সাবরিনা সুলতানা

সহকারী ভূমি সংস্কার কমিশনার